

মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)- এর ১৮৭তম নির্বাহী পর্ষদ সভা



গত ০৬ নভেম্বর, ২০২১ তারিখে মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)- এর প্রধান কার্যালয়ে সংস্থার ১৮৭তম নির্বাহী পর্ষদ সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মানবিক সাহায্য সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ঋণ কার্যক্রমের বিভিন্নমুখী

পরিকল্পনা রিভিউ করা হয়। এছাড়া বিভিন্ন সামাজিক উন্নয়ন কর্মসূচির অর্থবছর ভিত্তিক পরিকল্পনা প্রণয়ন, ভরকশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ট্রেনিং বিষয়ক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিকল্পনা প্রণয়ন, প্রয়োজনীয় নীতিমালা অনুমোদন এবং তহবিল ব্যবস্থাপনা নিয়ে বিশদ আলোচনা ও বিভিন্ন সিদ্ধান্ত গৃহীত হয়।

মানবিক সাহায্য সংস্থার ১৮৭তম নির্বাহী পর্ষদের উক্ত সভায় পর্ষদ প্রেসিডেন্ট জনাব ফিরোজ এম হাসান সহ পর্ষদের অন্যান্য সদস্যবৃন্দ, এমএসএস- এর উপদেষ্টা জনাব তারিকুল গণি এবং সংস্থার নির্বাহী পরিচালক জনাব মুনাওয়ার রেজা খান উপস্থিত ছিলেন।

নতুন সাত ব্যাচকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেইনিং ইউনিট



নভেম্বর, ২০২১ মাসে নতুন সাতটি ব্যাচে ১৭২ জন প্রশিক্ষার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছে এমএসএস ট্রেইনিং ইউনিট। “ইন্ডাকশন ট্রেইনিং অব নিউ এমপ্লয়ী”, “অরিয়েন্টেশন কোর্স অন এমএসএস” এবং “সার্টিফিকেট কোর্স অন মাইক্রোফাইন্যান্স”- এই তিনটি বিষয়ে ব্যাচগুলোতে প্রশিক্ষণ প্রদান করা হয়। এছাড়া

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (CDO) ও দুর্বল ট্রেইনি কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO)-দের বিভিন্নমুখী দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে “স্পেশলাইজড মাইক্রোফাইন্যান্স ম্যানেজমেন্ট কোর্স ফর সিডিও’স অ্যান্ড উইক টিসিডিও’স” নামে আরেকটি বিশেষ কোর্স পরিচালনা করা হয়। এমএসএস-এর প্রধান কার্যালয় সহ বগুড়া ও নাটোরের এই প্রশিক্ষণ কার্যক্রম পরিচালিত হয়েছে।

সংশ্লিষ্ট কোর্সগুলোতে ব্রাঞ্চ ম্যানেজার (BM), লোন অ্যান্ড সেভিংস অফিসার (LSO), ট্রেইনি কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (TCDO), কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার (CDO) ও রেফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং (RAC) কোর্স - এর প্রশিক্ষকরা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণ কর্মসূচিসমূহে স্ব-শরীরে ও অনলাইনে যুক্ত ছিলেন এমএসএস-এর নির্বাহী পরিচালক মুনাওয়ার রেজা খান।

লালবাগে চালু হলো এমএসএস- এর উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম



দেশের অন্যতম স্বনামধন্য বেসরকারি প্রতিষ্ঠান মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)-এর পরিচালনায় গত ২১ নভেম্বর, ২০২১ তারিখে রাজধানী ঢাকার লালবাগ চালু করা হয়েছে নতুন আরেকটি উপানুষ্ঠানিক শিক্ষালয়। লালবাগ

এলাকার ৭-১৪ বছর বয়সী সুবিধাবঞ্চিত ও ঝরে পড়া দরিদ্র শিশুদের মৌলিক শিক্ষা প্রদানের লক্ষ্য নিয়ে এ উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম শুরু করা হয়েছে। অর্থাভাবে থাকা বা অন্য কোনো কারণে যেসব অসহায় শিশু প্রাথমিক শিক্ষা গ্রহণের সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে, তাঁদের প্রাথমিক শিক্ষা নিশ্চিত করা এই কার্যক্রমের মূল উদ্দেশ্য।

উপানুষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে ভর্তি হওয়া শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়। এ সময় উপানুষ্ঠানিক শিক্ষালয়ের শিক্ষার্থীরা ছাড়াও বিদ্যালয়ের শিক্ষক, অভিভাবক এবং প্রোগ্রামের কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



ঠাকুরগাঁও জোন এর ১৫ নং শাখার ঋণী সদস্য মোছাঃ রশিদা খাতুনের বাড়ি ঠাকুরগাঁও সদর উপজেলার সালন্দর সাহা পাড়া এলাকায়। বাবা-মা, স্বামী-সন্তান সহ ৭ সদস্যের পরিবার তাঁর। পরিবারের ভরণপোষণ চালাতে হিমশিম না খেতে হলেও আর্থিক স্বচ্ছলতা ছিল না রশিদার সংসারে। সাংসারিক আর্থিক উন্নয়নের লক্ষ্যে তিনি নিজের কাছে থাকা দেড় লাখ টাকা মূলধন নিয়ে চিজ বা পনিরের ব্যবসা শুরু করেন। তবে সামান্য মূলধনে ব্যবসা পরিচালনা করতে গিয়ে বিভিন্ন সমস্যার সম্মুখীন হন রশিদা। পরে ২০১৫ সালে প্রথম বারের মতো মানবিক সাহায্য সংস্থা (এমএসএস)- এর ‘মহিলা ঋণদান কর্মসূচি’- থেকে ঋণ নেন তিনি।

চলতি বছর পর্যন্ত রশিদা এমএসএস- এর কাছ থেকে ৫ বার ঋণ গ্রহণ করেছেন। এ পর্যন্ত ৬ লাখ টাকা ঋণ নিয়ে তিনি ধীরে ধীরে তাঁর ব্যবসার সম্প্রসারণ করেছেন। রশিদার পনিরের ব্যবসার বর্তমান মূলধন ১০ লাখ টাকা। দেশে কোভিড-১৯ সংক্রমণের সময় তাঁর ব্যবসায়ের অবস্থা স্থিতিশীল ছিল। তবে কোভিড পরবর্তী সময়ে তিনি সাফল্যের সঙ্গে ব্যবসা পরিচালনা করেছেন।

ঋণের টাকায় ব্যবসা সম্প্রসারণ করায় সেখান থেকে রশিদা বেশ ভালো রকমের লাভ করা শুরু করেছেন। ছেলে-মেয়েদের ভালো স্কুল-কলেজে পড়াশোনা করানোর পাশাপাশি সাংসারিক আর্থিক সঙ্গতি বৃদ্ধি পেয়েছে রশিদার। পাশাপাশি উল্লেখযোগ্য উন্নতিও হয়েছে জীবনমানের। স্বামী ও নিজে কাজ করা ছাড়াও তাঁর পনিরের কারখানায় আরো ৭ জনের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করেছেন রশিদা। এভাবেই ধারাবাহিকভাবে বিনিয়োগ বৃদ্ধি করে অন্যদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির পাশাপাশি নিজের জীবনমান আরও উন্নয়নের দৃঢ় আশাবাদ ব্যক্ত করেন রশিদা খাতুন। এমএসএস-এর সার্বিক সহযোগিতায় রশিদা এখন তাঁর অঞ্চলে অনন্য উদাহরণ সৃষ্টি করেছেন যা সরকারি ও বেসরকারি পর্যায়ে অনেকের দৃষ্টি আকর্ষণ করেছে।

এটি মানবিক সাহায্য সংস্থা’র মিডিয়া অ্যান্ড পাবলিক অ্যাফেয়ার্স ইউনিটের একটি প্রকাশনা
সেল সেন্টার (৪র্থ তলা), ২৯ পশ্চিম পাছপথ, ঢাকা -১২০৫